গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

জ্যৈষ্ঠ,১৪২৪।
নং- ডিজিএনএম/শা-১/১হ-৪৫৫/৯৮/ তাং-----------------------
জুন,২০১৭।

প্রাপক ঃ

১। বর্তমান ঠিকানা ঃ
জনাব হালিমা আফরোজ,
সিনিয়র স্টাফ নার্স,
পিতা ঃ মোঃ আব্দুল হক মল্লিক,
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।

২। স্থায়ী ঠিকানা ঃ
জনাব হালিমা আফরোজ,
সিনিয়র স্টাফ নার্স,
পিতা ঃ মোঃ আব্দুল হক মল্লিক,
গ্রামঃ পশিম ডুমরিতলা, পোঃ শারিকতলা, উপজেলা ও
জেলাঃ পিরোজপুর।

বিষয় ঃ জনাব হালিমা আফরোজ, (পিতা ঃ মোঃ আব্দুল হক মল্লিক), সিনিয়র স্টাফ নার্স, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা,১৯৮৫ অনুসারে আনীত অভিযোগনামা।

## অভিযোগনামা

যেহেতু আপনি জনাব হালিমা আফরোজ (পিতাঃ মোহাঃ আব্দুল হক মল্লিক), সিনিয়র স্টাফ নার্স, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা গত ২৮/০২/২০১৩ইং তারিখ হতে ১২/০২/২০১৭ইং তারিখ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে ১৩/০২/২০১৭ইং তারিখ অসুস্থতার কারণ দেখিয়ে কর্তব্য কাজে যোগদানের অনুমোদনের জন্য যোগদানপত্র দাখিল করেন। আপনার এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(সি) ধারা মোতাবেক ডিজারশনের আওতাভুক্ত অপরাধ।

সেহেতু আপনাকে (জনাব হালিমা আফরোজ (পিতাঃ মোঃ আব্দুল হক মল্লিক), সিনিয়র স্টাফ নার্স, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা) ডিজারশনের দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(সি) ধারা মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধিমালার ৪(৩)(ডি) ধারা মোতাবেক আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এ অভিযোগ নামা পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিত ভাবে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি সাক্ষাতে কিছু বলতে চান কিনা এবং সাফাই স্বাক্ষী উপস্থাপন করতে চান কিনা তা জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সেই অভিযোগ বিবরণীর অনুলিপি অত্র পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।

স্বাঃ/-
(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪।

২৮ জ্যৈষ্ঠ,১৪২৪।
নং- ডিজিএনএম/শা-১/১হ-৪৫৫/৯৮/ ৩২২৪/১(৬) তাং-----------------------
১১ জুন,২০১৭।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(দৃঃআঃ-অতিরিক্ত সচিব, নার্সিং ও মিডওয়াইফারি)।
২। পরিচালক, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।
৩। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সেবা তত্ত্বাবধায়ক, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফাইরি অধিদপ্তর, ঢাকা।
৬। পি,এম,আই,এস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা(অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

## অভিযোগ বিবরণী

জনাব হালিমা আফরোজ (পিতাঃ মোহাঃ আব্দুল হক মল্লিক), সিনিয়র স্টাফ নার্স, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা গত ২৮/০২/২০১৩ইং তারিখ হতে ১২/০২/২০১৭ইং তারিখ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে ১৩/০২/২০১৭ইং তারিখ অসুস্থতার কারণ দেখিয়ে কর্তব্য কাজে যোগদানের অনুমোদনের জন্য যোগদানপত্র দাখিল করেন। তাঁর এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(সি) ধারা মোতাবেক ডিজারশনের আওতাভুক্ত অপরাধ।

২২.৮.১৭

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪।